

## প্রশিক্ষণার্থীদের আচরণবিধি

প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থী টিআইসিআই এ অবস্থানকালে নিম্নোক্ত নির্দেশনাসমূহ মেনে চলবেন।

- ১। প্রশিক্ষণ কারিকুলামের প্রদত্ত রুটিন অনুযায়ী ক্লাসে যথাসময়ে উপস্থিত হতে হবে। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ক্লাস ত্যাগ করা যাবে না। উপস্থিতি ৯০(নব্বই) শতাংশের কম হলে সনদপত্র প্রদান করা হবে না।
- ২। সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক, বাবা-মা ও আপন ভাই-বোন ব্যতীত অন্য কারো সাথে টিআইসিআই ক্যাম্পাস ত্যাগ করা যাবে না।
- ৩। ক্লাসে শালীন পোশাক পরিধান করতে হবে, যেমন-শার্ট-প্যান্ট, রোজার টাইসহ, পাঞ্জাবী-পায়জামা, শাড়ি, থ্রি-পিছ, রোরকা। তবে থ্রি কোয়ার্টার প্যান্ট, কলার ছাড়া গেঞ্জি, লুঞ্জি, চটি স্যান্ডেল পরিধান করে প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করা যাবে না।
- ৪। হোস্টেলে ব্যক্তিগত মূল্যবান জিনিসপত্র যেমন -ক্যামেরা, নগদ টাকা, মোবাইল ফোন, ল্যাপটপ, স্বর্ণালংকার, দামী ঘড়ি ইত্যাদি নিজ দায়িত্বে রাখতে হবে। এসব জিনিসের কোন ক্ষতি / হারালে টিআইসিআই কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- ৫। মাদক ও নেশা উদ্রেককারী দ্রব্য সাথে বহন, সংরক্ষণ, সেবন সম্পূর্ণ নিষিদ্ধ। প্রশিক্ষণার্থীর সাথে এসব দ্রব্যাদি থাকলে / সংরক্ষণ / সেবন করলে কর্তৃপক্ষ প্রশিক্ষণ কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- ৬। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত গেস্ট হাউজ এবং হোস্টেলে কোন ব্যক্তিকে সাথে নিয়ে আসা ও থাকার ব্যবস্থা করা যাবে না।
- ৭। হোস্টেল / ডরমেটরী / টিআইসিআই ক্যাম্পাসে অবস্থানকালে ময়লা আবর্জনা ফেলে পরিবেশ দূষণ করা যাবে না। ময়লা নির্দিষ্ট ঝড়ি অথবা ডাস্টবিনে ফেলতে হবে।
- ৮। হোস্টেলে ইলেকট্রিক হিটার, ইলেকট্রিক কেটলি ও গ্যাসের চুলা ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৯। চিকিৎসকের পরামর্শ ব্যতীত সকল প্রকার ঔষধ যেমন- ঘুমের ট্যাবলেট, ঠান্ডা দূরীকরণ সিরাপ ইত্যাদি গ্রহণ করা যাবে না।
- ১০। প্রয়োজনীয় কেনাকাটার জন্য স্থানীয় বাজারে গেলে সূর্যাস্তের পূর্বেই হোস্টেলে ফেরত আসতে হবে।
- ১১। ঝগড়া বিবাদ ও ইভটিজিং সম্পূর্ণ নিষিদ্ধ।
- ১২। ছেলে-মেয়েদের দৃষ্টিকটু আচরণ যেমন, হাত ধরে হাটাচলা, পাশাপাশি বসা, মেয়েদের হোস্টেলের সামনে ছেলেদের অবস্থান ইত্যাদি করা যাবে না।
- ১৩। হোস্টেল, ডাইনিং, ক্যান্টিন ও টিআইসিআই'র অভ্যন্তরে অবস্থানকালে কর্মকর্তা, কর্মচারী ও অন্যান্য স্টাফদের সাথে সদাচরণ করতে হবে। অপ্রীতিকর পরিস্থিতি তৈরী হলে নিজে দায়িত্ব না নিয়ে যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- ১৪। টিআইসিআই'র ক্লাসরুমে এবং হোস্টেলের দেয়াল, টেবিল, চেয়ার, আলমিরায় কোন কিছু লিখা নিষিদ্ধ। কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত হোস্টেলের ফার্নিচারের অবস্থান পরিবর্তন করা যাবে না।
- ১৫। প্রশিক্ষণকালে কোন অসামাজিক কর্মকান্ড যেমন চুরি, ছিনতাই, ঝগড়া ফ্যাসাদ, বাজারে দলবদ্ধ হয়ে আড্ডা, হৈ হুল্লুড় ইত্যাদি করা যাবে না।
- ১৬। হোস্টেল ত্যাগের সময় লাইট ও ফ্যান বন্ধ করতে হবে। প্রশিক্ষণ শেষে হোস্টেল ত্যাগ করার পূর্বে কর্তৃপক্ষ সরবরাহকৃত ব্যবহার্য সামগ্রী দায়িত্বরত কেয়ার টেকারের নিকট আবশ্যিকভাবে বুঝিয়ে দিতে হবে।
- ১৭। ক্লাসে মোবাইল ফোন ব্যবহার করা যাবে না।
- ১৮। ছেলে-মেয়েদের হোস্টেলে ডাইনিং এর সুব্যবস্থা রয়েছে। নিজ উদ্দেশ্যে রান্নার ব্যবস্থা করা যাবে না। প্রশিক্ষণার্থী উপরোক্ত কর্মকান্ডে লিপ্ত হলে নিয়মানুযায়ী কর্তৃপক্ষ যেকোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।